| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ৯. | ইঞ্জিনিয়ার (আইটি) | -- | পদোন্নতির মাধ্যমে | -- | সহকারী ইঞ্জিনিয়ার (আইটি) পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১০. | সিনিয়র অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে— (অ) স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (আ) ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি: (খ) অর্থনীতি, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, ব্যাংকিং, ব্যবস্থাপনা, মার্কেটিং, পরিসংখ্যান, আইন, সাংবাদিকতা, এমবিএ, এমবিএম, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস), ইংরেজি, ফিন্যান্সিয়াল রিস্ক ম্যানেজমেন্ট (এফআরএম) বা গণিত বিষয়ে ডিগ্রিধারীগণ অগ্রাধিকার পাইবেন; (গ) কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন। | অফিসার পদে অন্যূন ০৩(তিন) বৎসর বা লাইব্রেরিয়ান পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |



| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ১১. | সিনিয়র অফিসার (ইঞ্জি.) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি: (খ) কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন; এবং (গ) হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং সংক্রান্ত স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ। | -- |
| ১২. | সহকারী প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স, গণিত বা পরিসংখ্যান বিষয়ে— (অ) স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (আ) ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; অথবা (খ) ০৪ (চার) বৎসর মেয়াদি বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা (গ) কম্পিউটার বিজ্ঞানে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (ঘ) কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকিলে অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন; এবং (ঙ) প্রোগ্রামিং সংক্রান্ত স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ১৮. | সুপারভাইজার | -- | পদোন্নতির মাধ্যমে | -- | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ— (ক) কেয়ারটেকার বা সিনিয়র ডেসপাচার পদে অন্যূন ০৩ (তিন) বৎসর ; অথবা (খ) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, ক্যাশিয়ার, টেলিফোন অপারেটর, ফটোকপি মেশিন অপারেটর বা স্টোর কিপার পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ১৯. | অভ্যর্থনাকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ— (ক) কেয়ারটেকার বা সিনিয়র ডেসপাচার পদে অন্যূন ০৩ (তিন) বৎসর ; অথবা (খ) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, ক্যাশিয়ার, টেলিফোন অপারেটর, ফটোকপি মেশিন অপারেটর বা স্টোর কিপার পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরী। |



| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ২০. | সাঁটলিপিকার-কাম- কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি: ইংরেজি: ৮০ (আশি) শব্দ; ও বাংলা: ৫০ (পঞ্চাশ) শব্দ হইবে; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি: ইংরেজি: ৩০ (ত্রিশ) শব্দ ও বাংলা: ২৫ (পঁচিশ) শব্দ; (ঘ) কম্পিউটার পরিচালনা সংক্রান্ত প্রায়োগিক অভিজ্ঞতাসহ এমএস অফিস সুইটস-এ দক্ষতা থাকিতে হইবে। | -- |
| ২১. | কম্পিউটার অপারেট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) এমএস অফিস সুইটস-এ দক্ষতা এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর এর কাজের অভিজ্ঞতা; এবং (গ) সংশ্লিষ্ট অ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। | -- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ৩০. | ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা বা ভারী মোটরগাড়ি চালনার বৈধ লাইসেন্সধারী; এবং (গ) মোটরগাড়ি চালনায় বাস্তব অভিজ্ঞতা। | -- |
| ৩১. | সহকারী কেয়ারটেকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত অফিস সহায়ক পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরি; |
| ৩২. | ডেসপাচার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত অফিস সহায়ক পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরি; |
| ৩৩. | অফিস সহায়ক | -- | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | -- |
| ৩৪. | প্লাম্বার | -- | প্রবিধান ৬৯ এ উল্লিখিত বিধানাবলি প্রযোজ্য হইবে। | | |



## তপশিল-২

### কর্মচারীদের উৎকর্ষসম্পন্ন ও অসাধারণ কাজের স্বীকৃতিমূলক প্রণোদনা

১. প্রণোদনার নিদর্শনসমূহ:

(ক) সুখ্যাতির হল: ইহাই সর্বোচ্চ পুরস্কার। ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ ভবনের একটি জায়গা বিশেষভাবে চিহ্নিত থাকিবে যাহা 'সুখ্যাতির হল' নামে অভিহিত হইবে এবং হলের একটি জায়গায় পুরস্কারপ্রাপ্ত কর্মচারীদের নাম ও পদবি পূর্ণভাবে এবং সংশ্লিষ্ট কাজের বর্ণনা সংক্ষেপে লিপিবদ্ধ থাকিবে। 'সুখ্যাতির হল' পুরস্কারের সহিত উক্তরূপ নাম লিপিবদ্ধকরণসহ উক্ত কর্মচারীকে একটি সনদ এবং পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যান্য পুরস্কারের মধ্যে ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকার নগদ পুরস্কার প্রদান করা হইবে।

(খ) সম্মান তালিকা: প্রতি বৎসর ২০ (বিশ) জন কর্মচারী ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর সম্মান তালিকায় অন্তর্ভুক্তির জন্য নির্বাচিত হইবেন এবং পর পর ০৩ (তিন) বৎসর কোনো কর্মচারী সম্মান তালিকায় অন্তর্ভুক্ত হইলে তিনি 'সুখ্যাতির হল' এ প্রবেশের জন্য মনোনীত হইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। সম্মান তালিকায় নাম অন্তর্ভুক্তি একটি বড় সম্মান বলিয়া গণ্য হইবে। এই পুরস্কারের স্বীকৃতিস্বরূপ নির্বাচিত কর্মচারীকে উপযুক্ত নগদ পুরস্কার, সম্মানি এবং মেধা কোটার আওতায় পদোন্নতির বিষয় বিবেচনা করা যাইতে পারে।

(গ) ব্যবস্থাপনা পরিচালকের প্রশংসাপত্র: সম্মান তালিকা ছাড়াও ব্যবস্থাপনা পরিচালক বৎসরের যে কোনো সময়ে সম্মান তালিকায় অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট কর্মচারীকে সংশ্লিষ্ট কৃতিত্বপূর্ণ কার্যের জন্য প্রশংসাপত্র প্রদান করিতে পারিবেন এবং ইহাতে সরাসরি কোনো আর্থিক সুবিধা যুক্ত থাকিবে না:

তবে শর্ত থাকে যে, এই প্রশংসাপত্র বার্ষিক গোপনীয় প্রতিবেদনের নথিতে সংরক্ষিত থাকিবে এবং পদোন্নতি ত্বরান্বিত করিবার বিষয়ে সহায়তা করিতে পারিবে।

২. সুখ্যাতির হল, সম্মান তালিকা বা প্রশংসা পত্রের জন্য নির্বাচন কখনো কোনো কর্মচারীর ব্যক্তিগত আবেদন, পরীক্ষণের অনুরোধ বা আপিলের বিষয় হইতে পারিবে না। এইরূপ পুরস্কারের ব্যাপারে নিজের জন্য নিবেদন পেশ করা, যে কোনো পুরস্কারের জন্য নির্বাচিত কাহারো বিরুদ্ধে নিবেদন পেশ করা, এইরূপ পুরস্কারের জন্য নির্বাচিত হইবার ক্ষেত্রে বা স্বতঃই অযোগ্যতা বলিয়া গণ্য হইবে এবং উপরের ১নং অনুচ্ছেদের দফা (ক) ও (খ) তে উল্লিখিত পুরস্কারের জন্য কোনো কর্মচারী নির্বাচনের বিষয়ে পরিচালনা বোর্ডই একমাত্র উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে কাজ করিবে এবং কোনো বিশেষ ক্ষেত্রে একই সঙ্গে একাধিক পুরস্কার প্রদানে কোনো বাধা থাকিবে না।

## তপশিল-৩
## চাকুরির বৃত্তান্ত বহি

(১) পূর্ণ নাম (স্পষ্ট অক্ষরে ও ডাক নাম থাকিলে তাহাসহ): | ছবি

(২) (ক) উচ্চতা: ............ (খ) ওজন:.............. (গ) বুকের মাপ: ...........

(৩) সনাক্ত চিহ্ন (যদি থাকে):

(৪) স্থায়ী ঠিকানা:

(৫) বর্তমান ঠিকানা:

(৬) পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নাম, ঠিকানা এবং পেশা:

(৭) জন্ম তারিখ:

(৮) জন্ম স্থান:

(৯) জাতীয়তা:

(১০) জাতীয় পরিচয়পত্র নম্বর:

(১১) বৈবাহিক মর্যাদা:

(ক) অবিবাহিত: (খ) বিবাহিত: (গ) বিধবা/বিপত্নীক:

(১২) শিক্ষাগত যোগ্যতা:

(বিভাগ/শ্রেণি, পাশের বৎসর এবং শিক্ষা প্রতিষ্ঠানের নামের উল্লেখসহ:)

(১৩) প্রাপ্ত প্রশিক্ষণ:

(১৪) যে সকল ভাষা:

| বলিতে, পড়িতে ও লিখিতে পারেন | বলিতে পারেন | পড়িতে পারেন | বলিতে ও পড়িতে পারেন |
|---|---|---|---|
| | | | |

(১৫) পূর্ববর্তী চাকুরির বিবরণ:

(১৬) ) অন্যান্য পেশাগত অভিজ্ঞতা:

কর্মচারীর স্বাক্ষর

(১৭) কর্পোরেশনে যোগদানের তারিখ, পদের নাম ও আইডি নম্বর:



(১৮) কর্পোরেশনে নিয়োগের বিবরণ:

(ক) পদের নাম :

(খ) নিয়োগের তারিখ :

(গ) (অ) অস্থায়ী : (আ) স্থায়ী

(ঘ) পদের বেতনক্রম :

(ঙ) মূল বেতন :

(চ) আহরিত বেতন :

(ছ) প্রান্তিক সুবিধাদি :

(১৯) পদোন্নতিসমূহের বিবরণ (কালানুক্রমিক):

(২০) পুরস্কার:

(২১) শাস্তি (বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য/শাস্তি প্রদানের তারিখসহ):

(২২) অর্জিত ও অন্যান্য ছুটি:

(২৩) গৃহীত অগ্রিম:

(২৪) কর্পোরেশনের চাকুরি ত্যাগ করিবার কারণ:

(পদত্যাগ, অবসর গ্রহণ, অবসান, বরখাস্ত ইত্যাদি):

দ্রষ্টব্য: ১। (১) হইতে (১৬) পর্যন্ত অন্তর্ভুক্তিসমূহ পূরণ করিবার পর কর্মচারী ঐগুলির সত্যতা স্বীকারের উদ্দেশ্যে স্বাক্ষর প্রদান করিবেন।

(২) কর্পোরেশনে নিয়োগ, পদোন্নতি, পুরস্কার ও শাস্তি, ছুটির রেকর্ড, চাকুরি ত্যাগ করিবার কারণ ইত্যাদির বিবরণ সম্পর্কিত অন্তর্ভুক্তিসমূহ উর্ধ্বতন কর্মচারী সত্যায়িত করিবেন।

বোর্ডের আদেশক্রমে

মোঃ আবুল হোসেন
ব্যবস্থাপনা পরিচালক।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.